উত্তর বঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়
গ্রামীণ কৃষি মৌসম সেবা কেন্দ্র, পুন্ডিবাড়ি, কোচবিহার
এবং ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ
ফোন: ০৩৫৮২-২৭০৯৩৩, ফ্যাক্স: ০৩৫৮২-২৭০৯৩৩

তারিখ: ২৯।০৫।২০২৫

আঞ্চলিক আবহাওয়া দপ্তর কোলকাতা দ্বারা জারি করা পূর্বাভাস, অনুযায়ী

উত্তর বঙ্গের জেলা গুলির জন্য সতর্কবার্তা

বিষয়: ওডিশা উপকূলের কাছাকাছি উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সুস্পষ্ট নিম্নচাপ

উত্তরবঙ্গ-

২৯/০৫/২০২৫-

উত্তরবঙ্গের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে।

কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি জেলার একটি দুটি জায়গায় ভারী থেকে অতিভারী বৃষ্টির (৭-২০ সেমি) সম্ভাবনা আছে।

উত্তর দিনাজপুর জেলার একটি দুটি জায়গায় ভারী বৃষ্টির (৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর জেলার একটি দুটি জাইগায় ৪০-৫০ কিমি/ ঘণ্টা থেকে ৬০ কিমি/ ঘণ্টা বেগে ঝড় এর সম্ভাবনা আছে।

৩০/০৫/২০২৫-

উত্তরবঙ্গের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে।

কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি জেলার কিছু জায়গায় ভারী থেকে অতিভারি বৃষ্টির (৭-২০ সেমি) সম্ভাবনা আছে।

উত্তর দিনাজপুর জেলার একটু দুটি জায়গায় ভারী বৃষ্টির (৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

উত্তর দিনাজপুর জেলার একটি দুটি জাইগায় ৪০-৫০ কিমি/ ঘণ্টা থেকে ৬০ কিমি/ ঘণ্টা বেগে ঝড় এর সম্ভাবনা আছে।

কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি জেলার একটি দুটি জায়গায় ৩০-৪০ কিমি/ ঘণ্টা বেগে ঝড় এর সম্ভাবনা আছে।

৩১/০৫/২০২৫-

উত্তরবঙ্গের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে।

আলিপুরদুয়ার জেলা গুলির একটি দুটি জায়গায় ভারী থেকে অতিভারি বৃষ্টির (৭-২০ সেমি) সম্ভাবনা আছে।

কোচবিহার, জলপাইগুড়ি জেলার একটু দুটি জায়গায় ভারী বৃষ্টির (৭-১১ সেমি) সম্ভাবনা আছে।

০১/০৬/২০২৫-

উত্তরবঙ্গের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে।

সাধারন পরামর্শ- বজ্র বিদ্যুৎ এর সময় সুরক্ষিত যায়গায় আশ্রয় নিন। বজ্র বিদ্যুৎ এর সময় মাঠে না থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।

আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী কৃষি পরামর্শ

প্রধান শস্য	দশা	প্রভাব	পরামর্শ
খারিফ ধান	ফসল কাটা, শুকানো	অঙ্কুর বেরনো, ছত্রাক জাতীয় রোগ	ধানের শিষ গুলি শুধু কেটে তা ঝেরে ধান রোদে শুকাতে দিন। রোদ না থাকলে বিদ্যুৎ এর আলো এবং ফ্যান দিয়ে শুকাতে পারেন। বৃষ্টির সময় ঝাড়াই না করার পরামর্শ দেওয়া হচ্ছে।

			ত্রিপল দিয়ে ঝাড়াই করা বা কেটে রাখা ধান ঢাকা দিয়ে রাখুন।
ভুট্টা	ফসল কাটা, শুকানো	অঙ্কুর বেরনো, ছত্রাক জাতীয় রোগ	পরিনত ভুট্টা তুলে দানা গুলি ছাড়িয়ে শুকাতে দিন। কেটে রাখা বা ছাড়ানো ভুট্টা ভালো করে ত্রিপল দিয়ে ঢেকে রাকুন যাতে বৃষ্টি তে না ভিজে যায়।
পাট	উদ্ভিজ্জ দশা	জল জমা, জলে ডুবে যাওয়া	জমির জল নিকাশি বাবস্থা ভালো করুণ।
প্রধান শস্য			পরামর্শ
লিচু, আম	ফল পাড়া	ফল পড়ে গিয়ে নষ্ট হওয়া, ছত্রাক জাতীয় রোগ	পরিনত বা প্রায় পরিনত সব ফল পেড়ে সংগ্রহ করে নিন। পচে যাওয়া ফল গুলিকে আলাদা করে রাখুন। পড়ে নষ্ট হওয়া ফল আলাদা করে রাখুন।
বেগুন, টম্যাটো, ভিন্ডি	পরিনত দশা	গাছের ক্ষতি, জমিতে জল জমে যাওয়া ছত্রাক জাতীয় রোগ	জমির জল নিকাশি বাবস্তা ভালো করুণ যাতে জমিতে জল না জমে। মাটি নরম হয়ে গিয়ে যদি গাছ পড়ে যায় তা থেকে বাঁচতে গাছ গুলিকে পাইপ বা ডাণ্ডা দিয়ে বেঁধে দিন। মোটামুটি পরিনত হয়ে থাকলে তা সংগ্রহ করে নিন, তাতে ক্ষতির পরিমান কমে।
প্রাণী/মৎস			প্রতিকার
ছাগল , গরু, মোষ			বৃষ্টি ও বজ্রপাতের সময় বাইরে চরতে দেবেন না। সুরক্ষিত যায়গায় রাখুন, নদীর ধারে চরতে দেবেন না। পশু দের বিশুদ্ধ পানীয় জল পান করতে দিন। পশু দের শুকনো ও সুরক্ষিত জায়গায় থাকাতে দিন।
মুরগি			মুরগির পোলট্রি র ঘর গুলি ভালো করে তৈরি করুণ যাতে ভেঙ্গে না যায়। ত্রিপল দিয়ে বৃষ্টির সময় খাঁচা গুলি ঢেকে দিন। বিশুদ্ধ জল খেতে দিন। রোগ হছে কিনা নজর রাকুন।

WhatsApp এ আবহাওয়ার পূর্বাভাস পেতে নাম এবং ব্লক লিখে WhatsApp এ পাঠান ৬২৯১৪৪৯৪৪১(6291449441), ৯০৬৪০৮৮৪১৯ (9064088419) নম্বরে

Prof. Subhendu Bandyopadhyay, Principal Nodal Officer, GKMS
Uttar Banga Krishi Viswavidyalaya
Email: amfupundibari@rediffmail.com